

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোটচাঁদপুর, ঝিনাইদহ।
kotchandpur.jhenaidah.gov.bd

উপজেলা ইনোভেশন কমিটির ফেব্রুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : উছেন মে
উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
সভার তারিখ : ২৫.০২.২০২৪ খ্রি.
সভার সময় : বিকাল- ৩.৩০ ঘটিকা
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপজেলা ইনোভেশন কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপজেলা ইনোভেশন কমিটির সভার গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার জন্য সহকারী কমিশনার (ভূমি) অ.দা:কে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ: সহকারী কমিশনার (ভূমি), জানুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী আছে কিনা সংযুক্ত সদস্যদের নিকট জানতে চাওয়া হলে সংযুক্ত সদস্যগণ কোন সংশোধনী নেই মর্মে জানান।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সভায় গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি) অ.দা:
০২	উপজেলা ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠান: সহকারী কমিশনার (ভূমি), কোটচাঁদপুর জানান যে, প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী অনুযায়ী এ কার্যালয়ে ইনোভেশনের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে নিশ্চিত করতে হবে।	প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ নিশ্চিত করতে হবে	সহকারী কমিশনার (ভূমি) অ.দা:
০৩	প্রকল্পের নাম: “ আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ করি, সুন্দর ভবিষ্যৎ গড়ি”: প্রকল্পে কোটচাঁদপুর উপজেলায় আত্মহত্যা প্রতিরোধে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও তথ্য সেবা কর্মকর্তাকে, কোটচাঁদপুর এর উঠান বৈঠক ও মহিলা সমাবেশ চলমান আছে। এছাড়া বিভিন্ন ফোরামে আত্মহত্যা প্রতিরোধে জনসচেতনামূলক কার্যক্রম অব্যাহত রয়েছে।	আত্মহত্যা প্রতিরোধে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও তথ্য সেবা কর্মকর্তাকে সভা সমাবেশ, উঠান বৈঠক, চলচ্চিত্র প্রদর্শনী ও লোকসংগীত কার্যক্রম চলমান রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও তথ্য সেবা কর্মকর্তা (তথ্য আপা প্রকল্প)
০৪	প্রকল্পের নাম: JICA অর্থায়নে “ মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশ বান্ধব ভার্মি কম্পোস্ট উৎপাদন এবং ব্যবহার সম্প্রসারণ এর মাধ্যমে রাসায়নিক সারের ব্যবহার হ্রাসকরণ প্রকল্পের আওতায় পাঁচটি ইউনিয়নে ভার্মি কম্পোস্ট স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে আলোকে ইউনিয়ন ভিত্তিক কৃষকও নির্বাচন করা হয়েছে এবং উক্ত প্রকল্প থেকে ইতোমধ্যে অর্থের সংস্থান হয়েছে। JICA প্রকল্পের কার্যাদেশ প্রাপ্ত সংস্থাটি তাদের কার্যক্রম শুরু করেছে এবং ইতোমধ্যে ৭০% কাজ সমাপ্ত হয়েছে।	উক্ত প্রকল্পের কার্যাদেশ প্রাপ্ত সংস্থাটিকে সিডিউল মোতাবেক গুনগত মান ঠিক রেখে সঠিক সময়ে কাজটি শেষ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার
০৫	প্রকল্পের নামঃ “ সমন্বিত মাছচাষের অংশ হিসেবে স্বাদু পানিতে মুক্তা চাষ সম্প্রসারণ” বাংলাদেশের প্রথম বে-সরকারি মুক্তা গবেষণাগার। গত ২৬-২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। ৮জন চাষীকে বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রায় ১০,০০০ টাকার মুক্তা ও অলংকার বিক্রয় করা হয়। রাইয়ান পার্ল হারবারের প্রতিষ্ঠাতা ও পরিচালক ড. নজরুল ইসলাম বলেন, মুক্তা একটি	সমন্বিত মাছচাষের অংশ হিসেবে স্বাদু পানিতে মুক্তা চাষ উপজেলার অন্যান্য গ্রামের চাষীদের নিয় প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার

সম্ভাবনাময় অর্থকরী ফসল। তাই এ গবেষণাগার ও ট্রেনিং সেন্টারের মাধ্যমে দেশে তরুণ উদ্যোক্তা তৈরি হবে এবং কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি বেকারত্ব যেমন দূর হবে তেমনি দেশে মুক্ত শিল্পের বিকাশ ঘটবে।		
---	--	--

অতএব সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২ ফাল্গুন, ১৪৩০ বঃ
২৫ ফেব্রুয়ারি, ২০২৪

(উচ্ছেন মে)

উপজেলা নির্বাহী অফিসার

কোটচাঁদপুর, ঝিনাইদহ।

মোবাইল নং: ০১৩২৪-১৬৪৮১০

unokotchandpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৪৪২.০০০.১৫.০২৩.২৩- ১৬৩

তারিখঃ ১২ ফাল্গুন, ১৪৩০ বঃ

২৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য-

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।

০২। উপজেলা..... অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।

০৩। অফিস কপি।

১২ ফাল্গুন, ১৪৩০ বঃ
২৫ ফেব্রুয়ারি, ২০২৪

(উচ্ছেন মে)

উপজেলা নির্বাহী অফিসার

কোটচাঁদপুর, ঝিনাইদহ।

কোটচাঁদপুর উপজেলা ইনোভেশন টিমের সভায় উপস্থিত সদস্যদের হাজিরাঃ

তারিখঃল ২৫-০২-২০২৪ খ্রিঃ, সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা।

০১	জনাব উচ্ছেন মে	সহকারী কমিশনার (ভূমি) অ.দা: কোটচাঁদপুর,ঝিনাইদহ	স্বাক্ষরিত
০২	জনাব সঞ্জয় কুমার	উপজেলা সিনিয়র মৎস্য অফিসার,কোটচাঁদপুর,ঝিনাইদহ	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ রাজিবুল হাসান	উপজেলা কৃষি অফিসার,কোটচাঁদপুর,ঝিনাইদহ	স্বাক্ষরিত
০৪	জনাব মোছাঃশিলা বেগম	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কোটচাঁদপুর,ঝিনাইদহ	স্বাক্ষরিত
০৫	জনাব অশোক কুমার সরকার	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কোটচাঁদপুর,ঝিনাইদহ	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ জিয়াউর রহমান	সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর,কোটচাঁদপুর,ঝিনাইদহ	স্বাক্ষরিত